

ডিএফআইএম সার্কুলার নম্বর-০৫

তারিখঃ ১১ মে, ২০১৫
২৮ বৈশাখ, ১৪২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

মিউচুয়াল ফান্ডের মূল্য হ্রাসজনিত ক্ষতির বিপরীতে প্রভিশন সংরক্ষণ প্রসঙ্গে

আর্থিক প্রতিষ্ঠানসমূহের ধারণকৃত মিউচুয়াল ফান্ড ইউনিটের মূল্য হ্রাসজনিত ক্ষতির বিপরীতে প্রভিশন সংরক্ষণে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণ করতে হবেঃ

অ) মেয়াদী (Closed-end) মিউচুয়াল ফান্ডের ক্ষেত্রে

১) মিউচুয়াল ফান্ড ইউনিটের গড় ক্রয় মূল্য (CP) যদি এর বাজার মূল্যের (MV) কম বা সমান ($CP \leq MV$) হয় অথবা চলতি বাজার মূল্যে নির্ণীত নীট সম্পদ মূল্যের (NAV_{cmp}) ৮৫% এর কম বা সমান ($CP \leq NAV_{cmp} * ৮৫%$) হয়, তবে উভয়ক্ষেত্রে ধারণকৃত মিউচুয়াল ফান্ডের বিপরীতে প্রভিশন সংরক্ষণের প্রয়োজন নেই;

২) মিউচুয়াল ফান্ড ইউনিটের গড় ক্রয় মূল্য (CP) যদি এর বাজার মূল্য (MV) অথবা চলতি বাজার মূল্যে নির্ণীত নীট সম্পদ মূল্যের (NAV_{cmp}) ৮৫% এর চেয়ে বেশী ($CP > MV$ or $CP > NAV_{cmp} * ৮৫%$) হয়, তাহলে নিম্নোক্তভাবে প্রভিশন সংরক্ষণ করতে হবে-

ক) মিউচুয়াল ফান্ড ইউনিটের বাজার মূল্য (MV) চলতি বাজার মূল্যে নির্ণীত নীট সম্পদ মূল্যের (NAV_{cmp}) ৮৫% এর বেশী বা সমান ($MV \geq NAV_{cmp} * ৮৫%$) হলে,

$$\text{সংরক্ষিতব্য প্রভিশন (RP)} = CP - MV$$

খ) মিউচুয়াল ফান্ড ইউনিটের বাজার মূল্য (MV) চলতি বাজার মূল্যে নির্ণীত নীট সম্পদ মূল্যের (NAV_{cmp}) ৮৫% এর কম ($MV < NAV_{cmp} * ৮৫%$) হলে,

$$\text{সংরক্ষিতব্য প্রভিশন (RP)} = CP - NAV_{cmp} * ৮৫\%$$

আ) বেমেয়াদী (Open-end) মিউচুয়াল ফান্ডের ক্ষেত্রে

- ১) মিউচুয়াল ফান্ড ইউনিটের গড় ক্রয় মূল্য (CP) উক্ত ইউনিটের চলতি বাজার মূল্যে নির্ণীত নীট সম্পদ মূল্যের (NAV_{cmp}) ৮৫% এর কম বা সমান ($CP \leq NAV_{cmp} * ৮৫%$) হলে কোন প্রতিশন সংরক্ষণের প্রয়োজন হবে না।
- ২) মিউচুয়াল ফান্ড ইউনিটের গড় ক্রয় মূল্য (CP) উক্ত ইউনিটের চলতি বাজার মূল্যে নির্ণীত নীট সম্পদ মূল্যের (NAV_{cmp}) ৮৫% এর বেশি ($CP > NAV_{cmp} * ৮৫%$) হলে নিম্নোক্তভাবে প্রতিশন সংরক্ষণ করতে হবে-

$$\text{সংরক্ষিতব্য প্রতিশন (RP)} = CP - NAV_{cmp} * ৮৫\%$$

উল্লেখ্য, আর্থিক প্রতিষ্ঠানসমূহকে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর ৬০ নং বিধি অনুসারে সর্বশেষ নির্ণীত ও প্রকাশিত চলতি বাজার মূল্যে নীট সম্পদ মূল্য (NAV_{cmp}) ব্যবহার করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ শাহ আলম)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১৭৮